

চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আছাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং - ১৮/২০২৪

তারিখ : ১২/০৩/২০২৪ খ্রি:

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,


ASYCUDA World User ID ও Password এর গোপনীয়তা ও সুরক্ষা নিশ্চিতকরণ সংক্রান্ত জরুরী দৃষ্টি আকর্ষণ

সম্মানিত সদস্যদের দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, ASYCUDA World System এ Login প্রক্রিয়া অধিকতর নিরাপদ ও সুরক্ষিত করার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক দুই ধাপে Login প্রক্রিয়া চালু করা হয়। অর্থাৎ সিস্টেমে Login এর সময় মূল পাসওয়ার্ড ও মোবাইল এসএমএস এর মাধ্যমে প্রাপ্ত One Time Password (OTP) দিয়ে Login করতে হবে। এ ব্যবস্থা চালু করার উদ্দেশ্য হলো ইউজার আইডি ও পাসওয়ার্ড হ্যাকিং এবং জাল/জালিয়াতি প্রতিহত করা। তথাপি কতিপয় সিএন্ডএফ এজেন্টের অসতর্কতার সুযোগ নিয়ে জালিয়াত চক্র সিএন্ডএফ এজেন্টের আইডি ব্যবহার করে পণ্যচালান জাল/জালিয়াতি করার অপচেষ্টা চালাচ্ছে। সিএন্ডএফ এজেন্টের অজ্ঞাতসারে বা অগোচরে জালিয়াতি সংগঠিত হলেও এর দায়ভার সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্টের উপর বর্তায়, ফলে তাঁরা বিভিন্ন রকম জটিলতার শিকার হচ্ছেন।

তাই প্রত্যেক সিএন্ডএফ এজেন্টকে স্ব স্ব User ID ও Password এর গোপনীয়তা ও যথাযথ নিরাপত্তা বিধান করা এবং সিস্টেমে Login করার সময় মোবাইল এসএমএস এ প্রাপ্ত One Time Password (OTP) প্রতিষ্ঠানের প্রতিনিধিকে প্রদানের ক্ষেত্রে বিশেষ সতর্কতা অবলম্বন করা প্রয়োজন।

এমতাবস্থায়, ASYCUDA World System এর User ID ও Password এর সুরক্ষা নিশ্চিত করার জন্য নিম্নোক্ত সতর্কতামূলক ব্যবস্থা সমূহ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

১. নিজ অফিস থেকে ASYCUDA World System এ বিল অব এন্ট্রি/এক্সপোর্ট দাখিল করা।
২. কোন কম্পিউটার দোকান থেকে বিল অব এন্ট্রি/এক্সপোর্ট দাখিল না করা।
৩. নিজ অফিস থেকে অনলাইনে বিল অব এন্ট্রি/এক্সপোর্ট দাখিল করার ব্যবস্থা না থাকলে এসোসিয়েশনের সার্ভিস ডেস্কের মাধ্যমে বিল অব এন্ট্রি/এক্সপোর্ট দাখিল করা যেতে পারে।
৪. প্রতি মাসে অন্তত একবার Password পরিবর্তন করা।
৫. কমপক্ষে ১২-১৪ ডিজিটের Password ব্যবহার করা। Password এ ইংরেজী বড়হাতের ও ছোটহাতের অক্ষর, সংখ্যা, বিশেষ চিহ্ন (যেমন- @, #, \$, !) ইত্যাদির সমন্বয় থাকা।
৬. One Time Password (OTP) পাওয়ার জন্য ব্যবহৃত মোবাইল নম্বর নিজের অধীনে রাখা।
৭. ASYCUDA World System থেকে বিল অব এন্ট্রি দাখিল সংক্রান্ত রিপোর্ট নিয়মিত সংগ্রহ করা ও যাচাই করা।



কাজী মাহমুদ ইমাম (বিলু)

সাধারণ সম্পাদক